

## ■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, অলীগণ কি গায়েব জানে এবং তারা কি মৃতদের জীবিত করতে পারে?

উত্তর: বল, আল্লাহ ছাড়া অন্য কেউ গায়েব জানে না এবং আল্লাহ ছাড়া অন্য কেউ মৃতদের জীবিত করতে পারে না। দলীল হলো, আল্লাহ তাআলার বাণী:

চার ইমাম একমত যে, যে ব্যক্তি বিশ্বাস করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গায়েব জানতেন অথবা মৃতদের জীবিত করতেন, সে ইসলাম থেকে বের হয়ে মুরতাদ হয়ে গেল। কারণ, সে আল্লাহকে মিথ্যুক সাব্যস্ত করল, যিনি স্বীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিন ও মানুষের জন্য এ ঘোষণা দিতে নির্দেশ দিয়েছেন,

﴿قُل لَّا أَقُولُ لَكُم ؟ عِندِي خَزَآئِنُ ٱللَّهِ وَلَا أَعَالَمُ ٱلسَّغَيلَبَ وَلَا أَقُولُ لَكُم ؟ إِنِّي مَلَكُ ؟ إِن ا أَتَّبِعُ إِلَّا مَا يُوحَىَ إِلَيْ اللَّهِ عَندِي خَزَآئِنُ ٱللَّهِ وَلَا أَعْلَمُ ٱلسَّغَيلَ بَ وَلَا أَقُولُ لَكُم اللَّهِ عَلَى اللَّهُ عَلَى اللْ

"বল, আমি তোমাদেরকে বলি না, আমার নিকট আল্লাহর ভাণ্ডারসমূহ রয়েছে। আর আমি গায়েবও জানি না। আমি তোমাদেরকে বলি না যে, আমি ফিরিশতা। আমার নিকট যা অহী করা হয় তা ব্যতীত আমি অন্য কিছুর অনুসরণ করি না"। [সুরা আল-আনআম, আয়াত: ৫০] তিনি আরো বলেন,

﴿إِنَّ ٱللَّهَ عِندَهُ ۚ عِلاَمُ ٱلسَّاعَةِ وَيُنَزِّلُ ٱلاَخْيلَاثَ وَيَعلَمُ مَا فِي ٱلكَّارِ عَامِ ۗ وَمَا تَدارِي نَفلس المَّانَ مَّاذَا تَكلَسِبُ غَذَا اللهَ عَلِيمٌ خَبِيرُ اللهَ عَلِيمٌ خَبِيرُ القمان: ٣٤] غَذَا اللهَ عَلِيمٌ خَبِيرُ اللهُ عَلِيمٌ خَبِيرُ اللهُ عَلِيمٌ عَبُولَ القمان: ٣٤]

"নিশ্চয় আল্লাহর নিকট কিয়ামতের জ্ঞান রয়েছে। আর তিনি বৃষ্টি বর্ষণ করেন এবং জরায়ূতে যা আছে, তা তিনি জানেন। আর কেউ জানে না আগামীকাল সে কী উপার্জন করবে এবং কেউ জানে না কোন স্থানে সে মারা যাবে। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, সম্যুক অবহিত"। [সূরা লুকমান, আয়াত: ৩৪] অতএব আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট যা অহী করেছেন ও তিনি তাকে যা শিখিয়েছেন তা ছাড়া তিনি গায়েব জানেন না। অনুরূপ তিনি কখনো এ দাবি করেননি যে, তাঁর যেসব সাহাবী অথবা তাঁর যেসব সন্তান ইতিপূর্বে মারা গেছেন, তাদের কাউকে জীবিত করেছেন। অতএব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছাড়া অন্যুদের পক্ষে কিভাবে গায়েব জানা সম্ভব?



• Source — https://www.hadithbd.com/books/link/?id=9966

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন